

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি কলেজ-৬ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩৪.০০১.১৭.২২২

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৫  
০৭ আগস্ট ২০১৮

বিষয়: বিষয় খোলার অনুমতি প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী ও দিনাজপুর এর সুপারিশের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত কলেজসমূহে উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিষয় খোলার অনুমতি প্রদানে নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো।

ক্রমিক নং	কলেজ নাম ও ঠিকানা	প্রার্থী বিষয়
১.	গণকপাড়া কলেজ, সারিয়াকান্দি, বগুড়া	সমাজকল্যাণ
২.	মাত্রাই মডেল কলেজ, কালাই, জয়পুরহাট	যুক্তিবিদ্যা
৩.	যাদুরাণী মহাবিদ্যালয়, হরিপুর, ঠাকুরগাঁও	ইসলাম শিক্ষা
৪.	গজাইল ডিগ্রি কলেজ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ	ভূগোল

শর্তসমূহ:

- শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- খ) আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- গ) কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ঘ) উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ঙ) সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- চ) বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- ছ) কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে;
- জ) ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।



৭-৮-২০১৮

নাছিমা খানম  
উপসচিব

চেয়ারম্যান মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড  
রাজশাহী, ও দিনাজপুর।

ফোন: ৯৫৭৭৪২৫

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩৪.০০১.১৭.২২২/১(৭)

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৫  
০৭ আগস্ট ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ২) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) অধ্যক্ষ, .....
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৭-৮-২০১৮

নাছিমা খানম

উপসচিব